

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৬, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ অগ্রহায়ণ, ১৪০৪ বাংলা/১৬ই নভেম্বর, ১৯৯৭ ইংরেজী

এস. আর. ও. নং-২৬১-আইন/৯৭/অর্থ/অবি(বাস্তব)-১/জাইবেচকেল-১/৯৭/২৩৭—Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of 1975) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার চাকুরী (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৬ এর উপ-অনুচ্ছেদ (১) এর দফা (খ) এর শেষে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নৃতন দফা (গ) সংযোজিত হইবে, যথা :—

“(গ) এই উপ-অনুচ্ছেদের বিধান অনুসারে বেতন নির্ধারণের পর যদি দেখা যায় যে, কোন কর্মকর্তা বা কর্মচারীর ১লা জুলাই, ১৯৯৭ তারিখে বেতন বৃদ্ধির পূর্ণ সুবিধাসহ প্রাপ্ত বেতন ৩০শে জুন, ১৯৯৭ তারিখে আহরিত বা প্রাপ্ত বেতন (বর্তমান বেতন) অপেক্ষা ১২% এর কম বৃদ্ধি পাইয়াছে, তাহা হইলে ৩০শে জুন, ১৯৯৭ তারিখে তাহার আহরিত বা প্রাপ্ত অংকের উপর ১২% বৃদ্ধি করিয়া যে অংক প্রাপ্ত হয় উহা তাহার বর্তমান বেতনের সংগে যোগ করিয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে, জাতীয় বেতন কেল, ১৯৯৭-তে ধাপের সুবিধা প্রদান করিয়া (যথা, উক্ত ১২% বৃদ্ধিসহ সর্বমোট বেতন জাতীয় বেতন কেল, ১৯৯৭ এর সংশ্লিষ্ট ক্ষেত্রের কোন ধাপের সমান হইলে এই ধাপে এবং উহার সমান কোন ধাপ না থাকিলে পরবর্তী উক্ততর ধাপে) তাহার বেতন নির্ধারণ করিতে হইবে, তবে এই বেতন বৃদ্ধির সুবিধা এই আদেশের অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (ক) এবং (খ) এর বিধান সাপেক্ষে প্রয়োজন হইবে।”;

(২) অনুচ্ছেদ ১৯ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১৯ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১৯। টিফিন ভাতা।— ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে সকল
নন-গেজেটেড কর্মচারী মাসিক ১০০ টাকা হারে টিফিন ভাতা প্রাপ্ত হইবেন, কিন্তু যে
সকল কর্মচারী তাঁহাদের প্রতিষ্ঠান হইতে লাঞ্চ ভাতা পান তাঁহাদের ক্ষেত্রে টিফিন
ভাতা প্রযোজ্য হইবে না।”

(৩) অনুচ্ছেদ ২০ এর (৬) উপ-অনুচ্ছেদ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশগ্রন্থে

ডঃ আকবর আলি খান
অর্থ সচিব।

মুহাম্মদ রফিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।